৫০১১৯

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

০৫ পৌষ, ১৪২৭ বাংলা

সূত্রঃ ডিএমডি সার্কুলার লেটার নং- ১০

তারিখ: -------------------------------
২০ ডিসেম্বর, ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**জাতীয় সঞ্চয়পত্রের বিধিমালা ও নীতিমালা সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩/১২/২০২০ তারিখের প্রজ্ঞাপন নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৭৮ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

(রূপ রতন পাইন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৭৮

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

Sanchayapatra Rules. 1977 এবং পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এ বিনিয়োগের উর্ধ্বসীমা বিষয়ে যাহাই বলা থাকুক না কেন সরকার ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্র তিনটি স্কিমের বিপরীতে সমন্বিত বিনিয়োগের উর্ধ্বসীমা একক নামে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অথবা যৌথ নামে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা নির্ধারণ করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৭৮/১(১৫)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। অতিরিক্ত সচিব (সঞ্চয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

03/12/2020
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

D:\Notification.docx